কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১

চান্দিনা, কুমিল্লা।

নম্বর ২৭.১২.১৯২৭.৫০৩.০২.০০৮.২০২২.৩৪১৫ | তারিখ: ৬ আষাঢ় ১৪২৯
২০ জুন ২০২২

"আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

বিষয়: **ক্যাশিয়ার পদে আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি।**

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চান্দিনা, কুমিল্লা এর নিম্নবর্ণিত শূণ্য পদে পদোন্নতির মাধ্যমে লোকবল নিয়োগের নিমিত্তে সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪, ও ৩০০-৫১ এবং কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত-২০১২) অনুযায়ী পদোন্নতির জন্য যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত ক্যাশিয়ার পদের জন্য সহকারী ক্যাশিয়ারগণের নিকট হতে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (A 4 সাইজের কাগজে) স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

**পদের নামঃ ক্যাশিয়ার।**

**প্রার্থীর যোগ্যতাঃ**

ক) প্রার্থীর সহকারী ক্যাশিয়ার পদে নিয়মিত হিসেবে ন্যূনতম ০৭ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
খ) কম্পিউটার ও অন্যান্য দাপ্তরিক উপকরণসমূহ পরিচালনায় পারদর্শী হতে হবে।
গ) বাংলা প্রতিমিনিটে ন্যূনতম ১০ শব্দ ও ইংরেজি প্রতিমিনিটে ন্যূনতম ৩০ শব্দ কম্পিউটারে টাইপ করতে সক্ষম হতে হবে।
ঘ) সাধারন জনগণের সাথে সৌজন্যমূলক ও প্রফুল্ল আচরণের অধিকারী হতে হবে।
ঙ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষনে উত্তীর্ণ থাকতে হবে।
চ) বিগত ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়ন এর গড় রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।
ছ) ন্যূনতম গ্রহণযোগ্য পারিবারিক আর্থিক স্বচ্ছলতা ও পারিবারিক ইতিহাস ভালো থাকতে হবে।
জ) চাকুরীতে যোগদানের সময় ৩০,০০০/ (ত্রিশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে যা সাফল্য ও সন্তোষজনক ভাবে চাকুরী সমাপ্তিতে সুদসহ ফেরত প্রদান করা হবে।
চ) পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪, এবং ৩০০-৫১ অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে সকল শর্তসমূহ পূরণ হতে হবে।

**আবেদন করার পদ্ধতিঃ**

বর্ণিত পদসমূহে নিয়োগ লাভে আগ্রহী এবং সংশ্লিষ্ট নির্দেশিকার আলোকে যোগ্যতা সম্পন্ন প্রার্থীদেরকে খামের উপরে পদের নাম উল্লেখ করে সাদা কাগজে স্ব-হস্তে বাংলায় (ক) নিজের নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ ও (ঠ) চাকুরীতে নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক জেনারেল ম্যানেজার এর সুপারিশ সহ আবেদন করতে হবে। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য হবে না। তবে অত্র সমিতির ভৌগোলিক এলাকার (অর্থাৎ চান্দিনা, বরুড়া, দেবিদ্বার ও মুরাদনগর উপজেলার) স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নেই।

**আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ**

আগ্রহী প্রার্থীকে সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত রঙ্গিন ছবি, সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি, পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষণে উত্তীর্ণের ফলাফলের সত্যায়িত কপি, বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ সংক্রান্ত পত্রের ফটোকপি (সকল ফটোকপি বর্তমানে কর্মরত পবিসের এজিএম এইচআর / প্রশাসন কর্তৃক সত্যায়িত হতে হবে), সকল শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, ইউনিয়ন পরিষদ / পৌরসভা মেয়র / সিটি মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের কপি সিনিয়র জেনারেল ম্যানেজার / জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থার বিবরণ (যদি থাকে) এবং বর্তমানে কোন তদন্ত প্রক্রিয়াধীন / ফৌজদারী মামলা চলমান আছে কি-না তা উল্লেখ পূর্বক বিনা আপত্তির সনদ ও পদোন্নতির সুস্পষ্ট সুপারিশ সম্বলিত আবেদন পত্রসহ আগামী ২৩-০৭-২০২২ খ্রিঃ তারিখ রোজ শনিবার বেলা ০৯:৩০ ঘটিকায় কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, চান্দিনা, কুমিল্লায় স্ব-

শরীরে উপস্থিত থাকতে হবে।

**শর্তাবলীঃ**

০১। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪ মোতাবেক যে সকল প্রার্থী নিম্নবর্ণিত ভাবে (ক থেকে জ পর্যন্ত) দন্ড প্রাপ্ত হয়েছেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।

ক) সর্বশেষ ০৩ (তিন) বছরের মধ্যে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।

খ) সর্বশেষ ০১ (এক) বছরের মধ্যে কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

গ) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিক বার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।

ঘ) বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

ঙ) বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকায হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত / ঘোষিত হয়েছেন।

ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন থাকলে তিনি পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।

জ) কোন কর্মচারীর বিরুদ্ধে দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে তিনি পদোন্নতির জন্য বিবেচিত হবেন না

০২। অত্র পবিসে কর্মরত কর্মকর্তা / কর্মচারী কিংবা সমিতি বোর্ড পরিচালক / মহিলা পরিচালক বৃন্দের স্বামী / স্ত্রী এবং তাদের রক্ত সম্পর্কীয় এমন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।

০৩। বর্ণিত পদের বিপরীতে যে ঠিকানায় নিয়োগপ্রাপ্ত হয়েছেন, উক্ত ঠিকানাই স্থায়ী ঠিকানা হিসেবে গণ্য হবে।

০৪। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য ‘‘চলতি দায়িত্বে’’ নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্ব থাকাকালীন কাজের সন্তোষজনক এবং সংশোধিত পবিস নির্দেশিকা এবং কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত-২০১২) অনুযায়ী প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি / পূর্বতন পদে প্রত্যাবর্তন অথবা পবিস নির্দেশিকা / কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত-২০১২) অনুযায়ী যা প্রযোজ্য সে সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকতে হবে।

০৫। চলতি দায়িত্বে থাকাকালীন সর্বশেষ এলপিসি মোতাবেক বেতন ভাতাদি প্রদান করা হবে।

০৬। তথ্য গোপন করে যদি কেউ নিয়োগ প্রাপ্ত হন, তবে তাকে কোনরূপ তদন্ত ব্যতিরেকে চাকুরিচ্যুত করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৭। বর্ণিত পদে প্রার্থীকে পদোন্নতি / নিয়োগ প্রদান করা হলে তা বাতিলের জন্য আবেদন করতে পারবেন না।

০৮। নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ / ডিএ প্রদান করা হবে না।

০৯। যে কোন আবেদন পত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা অত্র পবিসের কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত এবং নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১০। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২০-৬-২০২২

মোঃ মকবুল হোসেন

সিনিয়র জেনারেল ম্যানেজার

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড।

২) পরিচালক (প্রশাসন), পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড।

৩) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড।

৪) নোটিশ বোর্ড, ওয়েব সাইট, কুমিল্লা পবিস-১।

৫) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..................পবিস ১/২/৩/৪।

৬) ডিজিএম(কোম্পানীগঞ্জ/দেবিদ্বার/বরুড়া/বাঙ্গারা)/সদর-কারিগরী, কুমিল্লা পবিস-১।

৭) এজিএম(ওএন্ডএম), (নবাবপুর/মুরাদনগর/পয়ালগাছা/রামমোহন) সাব-জোনাল অফিস, কুমিল্লা পবিস-১।

৮) এজিএম(ইএন্ডসি/ওএন্ডএম/পিএন্ডএম/প্রশাসন/এইচআর/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/সদস্য সেবা/আইটি), কুমিল্লা পবিস-১।

৯) অফিস কপি/মাস্টার কপি।